[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]-[illegible] [illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [

স্বপ্ন বাস্তবায়নে মুক্তিযোদ্ধাদের ভাতা বৃদ্ধি করেছেন,বাড়ি বানিয়ে দিয়েছেন,তাদের সন্তানদের চাকরি দিয়েছেন। কোন মুক্তিযোদ্ধা আজ দুরাবস্থায় নেই। তাই শেখ হাসিনা সরকারের আমলে মুক্তিযুদ্ধের সময় যারা জীবন দিয়েছেন তাদের মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতির দাবী তুলেছেন। এদাবী সময়ের দাবী। এদাবী ন্যায্য দাবী। সাহারবাটি গ্রামের শহিদ এমলাক হোসেন,উজির মালিথাসহ অন্ততঃ ১০জনের মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতির দাবীর সাথে একাত্নতা ঘোষানা করেছেন তিনি।

এসময় সাংসদ সাহিদুজ্জামান খোকন আরও বলেন, আওয়ামীলীগ সরকার ক্ষমতায় এলে দেশের উন্নয়ন হয়,রাস্তাঘাটে বোমা ফাটেনা,মানুষ নির্বিগ্নে রাস্তায় চলতে পারে গৃহস্থের কোমরে গোয়ালের গুরুর দড়ি বেঁধে কৃষককে রাত জেগে বসে থাকতে হয়না। আওয়ামীলীগ সরকার ক্ষমতায় না থাকলে বিএনপি-জামাতের অত্যাচারে এলাকা ছাড়া হতে হবে আওয়ামীলীগ নেতা কর্মীদের, এসরকার ক্ষমতায় না থাকলে আওয়ামীলীগ নেতাদের কবরেও জায়গা হবেনা। তাই অওয়ামীলীগের মধ্যে বিভক্ত না হয়ে বাড়িতে ঘুমাতে চাইলে, পরিবারের সাথে সংসারে থাকতে চাইলে আবারও আওয়ামীলীগকে ক্ষমতায় আনতে হবে। না হলে স্বাধীনতা বিরোধীরা আপনাদের এলাকা ছাড়া করবে। রাস্তায় রাস্তায় খুনের শিকার হতে হবে। বিএনপি নেতারা যতই নাচানাচি করুক না কেন এর পর থেকে তারা আর আন্দোলনের নামে নাশকতা ও বিশৃংখলা করতে চাইলে রাস্তায় তাদের দাঁত ভাঙ্গা জবাব দেয়ার জন্য নেতা কর্মীদের প্রস্তুত থাকতে বলেন উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। আলোচনা সভা শেষে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে সংগীত পরিবেশন করেন বিভিন্ন এলাকা থেকে আসা সংগীত শিল্পীরা।

রেডিও পায়রা’র আয়োজনে জোড়পুকুরিয়া মাধ্যমিক

বিদ্যালয়ে কুইজ প্রতিযোগীতা

মেহেরপুরে শিক্ষার্থীদের জ্ঞানের বিকাশ ও মেধাচর্চার লক্ষে উপস্থিত বক্তৃতা ও কুইজ প্রতিযোগীতার আয়োজন করার হয়।

গতকাল বৃহস্পতিবার সকালে গাংনী উপজেলার জাড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের আনিশা গ্রুপের সার্বিক সহযোগীতায় ‘রেডিও পায়রা’ এ অনুষ্ঠানের আয়োজন করে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ হাসান আল নূরানীর সভাপতিত্বে মূল আলোচক হিসেবে উপস্থিত ছিলেন রেডিও পায়রার প্রধান নির্বাহী কর্মকর্তা সাজিদ আহমেদ।

প্রধান শিক্ষক মোঃ হাসান আল নূরানী এবং শিক্ষিকা মোছাঃ সিমি এর সার্বিক সহযোগীতায় কুইজ প্রতিযোগীতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

এসময় প্রধান শিক্ষক মোঃ হাসান আল নূরানী বলেন রেডিও পায়রার এমন সুন্দর আয়োজন করার জন্য ধন্যাবাদ জানান। আবারো এমন আয়োজন করার জন্য রেডিও পায়রার চেয়ারম্যান এম এ এস ইমনকে আন্তরিকভাবে ধন্যবাদ জানায় এবং তার সার্বিক মঙ্গল কামনা করেন।

গাংনীতে ৪৮০ গ্রাম গাঁজাসহ দুইজনকে আটক

মেহেরপুরের গাংনী উপজেলার চেংগারা (ডাক্তারপাড়া) এলাকায় অভিযান চালিয়ে ৪৮০ গ্রাম গাঁজাসহ দুই আসামীকে আটক করেছে র্যাব।

গতকাল বুধবার রাত ১১ টার দিকে মেহেরপুর র্যাব ক্যাম্পের কমাণ্ডার সিনিয়র সহকারী পুলিশ সুপার মোঃ গোলাম ফারুকের নেতৃত্বে

এ সময় তাদের নিকট থেকে মাদক ক্রয় বিক্রয়ের কাজে ব্যবহৃত ০২টি

মোবাইল এবং নগদ ৪২০০/- (চার হাজার দুইশত) টাকা জব্দ করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন চেংগারা ডাক্তারপাড়ার মৃত নজরুল ইসলামের ছেলে মো: আলমগীর(৩২) এবং একই এলাকার মো: মহাব্বত আলীর ছেলে মো: আরিফুল ইসলাম (২২)। এসময় তাদের কাছে থেকে ২টি মোবাইলসহ নগদ ৪২০০ টাকা উদ্ধার করা হয়।

র্যাব জানায়, মাদক ব্যবসায়ীদ্বয় দীর্ঘদিন যাবৎ আইন প্রয়োগকারী সংস্থার চোখ ফাঁকি দিয়ে মেহেরপুর জেলার বিভিন্ন এলাকায় অবৈধ নেশাজাতীয় মাদকদ্রব্য বিভিন্ন মাদকসেবীর নিকট ক্রয় বিক্রয় করে আসছিল। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীদের গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

সরকারের উন্নয়ন চিত্র তুলে ধরতে তৃণমূলে ইমনের বুকলেট বিতরণ অব্যহত

বর্তমান সরকারের উন্নয়ন মূলক চিত্র তুলে ধরতে মেহেরপুরের বিভিন্ন গ্রামে গ্রামে তরুণ রাজনীতিবীদ এম এ এস ইমনের বুকলেট বিতরণ অব্যহত রয়েছে।

তারই অংশ হিসেবে আজ বৃহস্পতিবার বিকালে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ও বারাদি ইউনিয়নের বিভিন্ন গ্রামে তরুন রাজনীতিবীদ এম এ এস ইমনের উদ্যোগে বিভিন্ন শ্রেণী পেশার মানুষের মাঝে সরকারের উন্নয়ন চিত্র সম্বলিত বুকলেট বিতরণ করা হয়েছে।

মেহেরপুর পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি বেলাল হোসেনের নেতৃত্বে এম এ এস ইমনের অনুসারীরা আমঝুপি ইউনিয়নের আমঝুপি, ময়ামারি, চাঁদবিল, খোকশা ও কোলা এবং বারাদি ইউনিয়নের বারাদি, রাজনগর, মোমিনপুর, সিংহাটি ও বশিবাড়িয়া গ্রামে এ বুকলেট বিতরণ করেন।

বুকলেট বিতরণ ও গণসংযোগকালে শিশির অরুপ, মেহেরপুর জেলা যুবলীগ শাখার আহ্বায়ক কমিটির সদস্য প্রভাষক মোঃ সাজ্জাদ হোসেন, জেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন ও প্রস্তুতি কমিটির সদস্য মোস্তাফিজুর রহমান চন্দন, আব্দুর রাজ্জাক, ফারুক হোসেন, সানা, ডন, আবুল হোসেন, ফারুক শেখ, ছাত্রলীগ নেতা ইব্রাহীম ইবু সহ অন্যান্য নেতাকর্মীরা অংশগ্রহন করেন।

স্বেচ্ছাসেবক লীগ নেতা মোস্তাফিজুর রহমান চন্দন বলেন, শেখ হাসিনার সরকারের সাফল্যগুলো প্রতিদিনই আমরা মেহেরপুরের বিভিন্ন গ্রামে সাবেক ছাত্রনেতা এম এ এস ইমনের তৈরি করা এই বুকলেটগুলো বিতরণ করছি। আমরা এই বুকলেচগুলো গ্রামের সাধারণ মানুষের কাছে তুলে ধরছি আগামী জাতীয় নির্বাচনে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে আমরা প্রচার কাজ চালিয়ে যাচ্ছি। বিরোধী শক্তি যাতে মাথাচাড়া দিয়ে উঠতে না পারে সে লক্ষ্যে আমরা প্রতিনিয়ত বুকলেট বিতরণ ও প্রচার কাজ চালিয়ে যাচ্ছি।

আওয়ামী লীগ নেতা বেলাল হোসেন বলেন, আওয়ামী লীগ সরকারের বিভিন্ন উন্নয়নমূলক চিত্রের পাশাপাশি বিএনপির সরকারের উন্নয়নের তুলনা করে এ বুকলেট তৈরি করা হয়েছে। যাতে করে সাধারণ মানুষ আওয়ামী লীগ সরকারের উন্নয়ন চিত্র সম্পর্কে ধারণা পায়। এবং একই সঙ্গে পুনরায় আওয়ামী লীগ সরকারকে ভোট দিয়ে ক্ষমতায় নিয়ে আসে। এ বুকলেট ভালোভাবে পড়লেই সাধারণ মানুষ আওয়ামী লীগ সরকারের প্রতি বিশ্বাস ও আস্থা রাখতে পারবে।

আওয়ামী লীগ নেতা এস এম ফরিদ উদ্দীন বলেন, গত ১৪ বছরে বর্তমান সরকার বাংলাদেশে অনেক বড় বড় উন্নয়নমূলক কাজ করেছে। সে উন্নয়ন মূলক কাজগুলো বিস্তারিত ভাবে এ বুকলেটে তুলে ধরা হয়েছে। শেখ হাসিনা সরকার বয়স্কভাতা, বিধবা ভাতা, মুক্তিযোদ্ধা ভাতা বাড়িয়েছেন এই সরকার।

প্রসঙ্গত, ইতোমধ্যে এম এ এস ইমনের উদ্যোগে মেহেরপুর শহর, মুজিবনগর উপজেলার মোনাখালী, দারিয়াপুর, বাগোয়ান, মহাজনপুর ও মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর, বুড়িপোতা, আমদহ, আমঝুপিসহ বিভিন্ন গ্রামে বুকলেট বিতরণ করা হয়েছে।

গাংনীর নওয়াপাড়া গ্রামে পুর্ব শত্রুতার জেরে দু’পক্ষের মারমারিতে উভয় পক্ষের আহত-১২

গাংনীর নওপাড়া গ্রামে পুর্ব শত্রুতার জের ধরে দু’পক্ষের মারামারিতে উভয় পক্ষের অন্তত ১২জন আহত হয়েছে। গত রবিবার বিকেল ৫টার দিকে নওয়াপাড়া বাজারে মারামারির ঘটনা ঘটে। এঘটনায় এলাকায় উত্তেজনা বিরাজ করছে।

এক পক্ষের আহতরা হলো- নওয়াপাড়া নবীনপরের আবু তালেবের ছেলে সুমন(২৮),সলেমানের ছেলে সাহরী(১৭),ভিটাপাড়া গ্রামের মৃত ইদ্রিস আলীর ছেলে মহিবুল(৫০),নবীনপুরের মৃত সোনা মল্লিকের ছেলে খোকন(৫০), ও মোজাম্মেলের ছেলে বিশু।

অন্যদিকে খোকনদের পক্ষের হামলায় আহতরা হলো-নওয়াপাড়া গ্রামের মৃত ছহিরুদ্দীনের ছেলে সুমন(২৫), রাজিবুল (৪৫), শহিদুলের ছেলে সায়িম(১৪), একরামুলের ছেলে সাইদ(১৭) আহাম্মদের ছেলে অমিত (১৬) এবং আবুল কাশেমের ছেলে মহিবুল(৩৫)।

আহতদের মধ্যে নবীনপুর গ্রামের আবু জেহেলের ছেলে সুমনের অবস্থা আশংকা জনক হওয়ায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে। বাকীদের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেয়া হয়েছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সেও জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক আশিকুর রহমান আহতদের নাম পরিচয় ও চিকিৎসা দেয়ার বিষয়টি নিশ্চিত করেছেন।

খোকন ও তার লোকজন জানান, গত ২০ ফেব্রুয়ারী রাতে নবীনপুর গ্রামবাসীর আয়োজনে তাফসির মাহফিল চলছিল। এসময় নওপাড়া গ্রামের মৃত ছহিরুদ্দীনের ছেলে সুমনের লোকজন তাফসির শুনতে আসা নারীদের সাথে খারাপ আচরণ করে। তাদের আচরনের বিষয়টি তাফসির মাহফিলের দায়িত্বে থাকা স্বেচ্ছা সেবকরা নিষেধ করলে সুমনের লোকজন স্বেচ্ছা সেবকদের ওপর চড়াও হয় এবং খোকনের ছেলেকে মারধর করে। এ নিয়ে ওইদিন উত্তেজনা সৃষ্টি হলে স্থানীয়রা পরিস্থিতি শান্ত করেন। এ নিয়ে ওই সব ছেলেদের অভিভাবকদের বিষয়টি দেখে তাদের শাসন করা কথা

বলা হয়। এতে ক্ষিপ্ত হয়ে আমাদের ওপর হামলা চালায় সুমনের লোকজন।

অন্যদিকে মৃত ছহিরুদ্দীনের ছেলে সুমন ও তার ভাই গ্রাম পুলিশ খেজমত আলী জানায়, তাফসির মাহফিলের দিন যা ঘটেছে তা ছেলেদের মধ্যেকার বিষয়টি ও খানেই নিষ্পত্তি হয়ে যায়। কিন্তু ওই দিন রাতে খোকন ও তার লোকজন আমাদের বাড়িতে আমাদের ছেলেদের মারার জন্য খুজে বেড়ায় এবং বাড়িতে এসে হুমকি ধামকি দিয়ে যায়। তাতে আমাদের বাড়িতে আসলেও আমরা তাদের সম্মান করে কিছুই বলিনি। বরং আমাদের ছেলেদের অনেক বকাঝকা করেছি। রবিবার বিকেলে শহিদুলের ছেলে সায়িম ভাটপাড়া বাজােও ছাগল বিক্রি করতে গেলে খোকন ও তার লোকজন সায়িমকে মারধর করে। শুধু তাই নয়,নওপাড়া বাজারে একটি চায়ের দোকানে আমাদের কয়েকজন চা খাওয়ার জন্য দোকানে বসলে খোকন ও তার লোকজন লাঠি শোঠা নিয়ে হামলা করে আহত করেছে।

এবিষয়ে গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান, নওয়াপাড়া গ্রামের মারামারির খবর শূনে সেখানে পুলিশ পাঠানো হয়েছিল। তবে উভয় পক্ষের মধ্যে এপর্যন্ত কেউ অভিযোগ করেনি। অভিযোগ পেলে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে এবং পুনরাই যেন এমন ঘটনা না ঘটে তার জন্য পুলিশ কাজ করছে।

বাগোয়ানে ৫ প্রকল্পের ১৮ লাখ টাকার কাজে নয়ছয়!

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের ৪০ দিনের অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির (ইজিপিপি) আওতায় মাটির রাস্তা সংস্কারে ব্যাপক অনিয়ম ও দুর্নীতির অভিযোগ উঠেছে।

অভিযোগের তীর উঠেছে ইউনিয়নের চেয়ারম্যান আয়ূব হোসেনের বিরুদ্ধেও। আযুব হোসেন বাগোয়ান ইউনিয়নের তিনবারের নির্বাচিত চেয়ারম্যান এবং মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক।

জানা গেছে, ইজিপিপির আওতায় বাগুয়ান ইউনিয়নে পাঁচটি প্রকল্পে মোট

সাথে যোগাযোগ করা হলে তিনি কোন সদুত্তর দিতে পারেননি। এবং মুজিবনগরে তার অতিরিক্ত দায়িত্ব তাই বিষয়টি সম্পর্কে পরে জানানো হবে বলে জানালেও এ রিপোর্ট লেখা পর্যন্ত (গতকাল বুধবার) জানাননি।

যুবদলের কেন্দ্রীয় কমিটির সহবিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক হলেন মেহেরপুরের প্রিন্স ইমরান

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের কেন্দ্রীয় সহ বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক হিসেবে দায়িত্ব পেয়েছেন মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুরের প্রিন্স ইমরান হোসেন।

গতকাল বুধবার বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যানের নির্দেশে মহাসচিব মীর্জা ফখরুল ইসলাম আলমগীর ২৫১ সদস্য বিশিষ্ট এ কমিটির অনুমোদন দেন।

প্রিন্স ইমরান মেহেরপুর পৌর কলেজে উচ্চ মাধ্যমিক অধ্যায়নরত অবস্থায় ২০০৬ সালে ছাত্র রাজনীতি শুরু করেন। পরে ঢাকা মহানগর উত্তর ছাত্রদলের রাজনীতির সাথে জড়িয়ে পড়েন ২০১০ সালে। ২০১৫ সালে ঢাকা মহানগর উত্তর ছাত্রদলের যুগ্ম সম্পাদকহিসেবে দায়িত্ব পালন করেন। পরবর্তি ২০১৯ থেকে যুবদল কেন্দ্রীয় নির্বাহী কমিটিতে কাজ শুরু করেন।

নর্দান ইউনিভার্সিটিতে লেখাপড়া শেষ করে তিনি ব্যবসা করছেন। তিনি বিএনপির আইটি সেলের সদ্স্য হিসেবেও দায়িত্ব পালন করছেন।

সরকারের উন্নয়ন চিত্র তুলে ধরতে তৃণমূলে ইমনের বুকলেট বিতরণ অব্যহত

বর্তমান সরকারের উন্নয়ন মূলক চিত্র তুলে ধরতে মেহেরপুরের বিভিন্ন গ্রামে গ্রামে তরুণ রাজনীতিবীদ এম এ এস ইমনের বুকলেট বিতরণ অব্যহত রয়েছে।

তারই অংশ হিসেবে গতকাল বুধবার বিকালে মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামে তরুন রাজনীতিবীদ এম এ এস ইমনের উদ্যোগে বিভিন্ন শ্রেণী পেশার মানুষের মাঝে সরকারের উন্নয়ন চিত্র সম্বলিত বুকলেট বিতরণ করা হয়েছে।

মেহেরপুর পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি বেলাল হোসেনের নেতৃত্বে এম এ এস ইমনের অনুসারীরা শ্যামপুর ইউনিয়নের মদনাডাঙ্গা, গোপালপুর, বেলতলাপাড়া, শ্যামপুর, পুরাতন মদনাডাঙ্গা গ্রামে এ বুকলেট বিতরণ করেন।

বুকলেট বিতরণ ও গণসংযোগকালে শিশির অরুপ, মেহেরপুর জেলা যুবলীগ শাখার আহ্বায়ক কমিটির সদস্য প্রভাষক মোঃ সাজ্জাদ হোসেন, জেলা স্বেচ্ছাসেবক লীগের সম্মেলন ও প্রস্তুতি কমিটির সদস্য মোস্তাফিজুর রহমান চন্দন, আব্দুর রাজ্জাক, ফারুক হোসেন, সানা, ডন, আবুল হোসেন, ফারুক শেখ, ছাত্রলীগ নেতা ইব্রাহীম ইবু সহ অন্যান্য নেতাকর্মীরা অংশগ্রহন করেন।

আওয়ামী লীগ নেতা বেলাল হোসেন বলেন, আওয়ামী লীগ সরকারের বিভিন্ন উন্নয়নমূলক চিত্রের পাশাপাশি বিএনপির সরকারের উন্নয়নের তুলনা করে এ বুকলেট তৈরি করা হয়েছে। যাতে করে সাধারণ মানুষ আওয়ামী লীগ সরকারের উন্নয়ন চিত্র সম্পর্কে ধারণা পায়। এবং একই সঙ্গে পুনরায় আওয়ামী লীগ সরকারকে ভোট দিয়ে ক্ষমতায় নিয়ে আসে। এ বুকলেট ভালোভাবে পড়লেই সাধারণ মানুষ আওয়ামী লীগ সরকারের প্রতি বিশ্বাস ও আস্থা রাখতে পারবে।

স্বেচ্ছাসেবক লীগ নেতা মোস্তাফিজুর রহমান চন্দন বলেন, শেখ হাসিনার সরকারের সাফল্যগুলো প্রতিদিনই আমরা মেহেরপুরের বিভিন্ন গ্রামে সাবেক ছাত্রনেতা এম এ এস ইমনের তৈরি করা এই বুকলেটগুলো

বিতরণ করছি। আমরা এই বুকলেচগুলো গ্রামের সাধারণ মানুষের কাছে তুলে ধরছি আগামী জাতীয় নির্বাচনে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে আমরা প্রচার কাজ চালিয়ে যাচ্ছি। বিরোধী শক্তি যাতে মাথাচাড়া দিয়ে উঠতে না পারে সে লক্ষ্যে আমরা প্রতিনিয়ত বুকলেট বিতরণ ও প্রচার কাজ চালিয়ে যাচ্ছি।

আওয়ামী লীগ নেতা এস এম ফরিদ উদ্দীন বলেন, গত ১৪ বছরে বর্তমান সরকার বাংলাদেশে অনেক বড় বড় উন্নয়নমূলক কাজ করেছে। সে উন্নয়ন মূলক কাজগুলো বিস্তারিত ভাবে এ বুকলেটে তুলে ধরা হয়েছে। শেখ হাসিনা সরকার বয়স্কভাতা, বিধবা ভাতা, মুক্তিযোদ্ধা ভাতা বাড়িয়েছেন এই সরকার।

প্রসঙ্গত, ইতোমধ্যে এম এ এস ইমনের উদ্যোগে মেহেরপুর শহর, মুজিবনগর উপজেলার মোনাখালী, দারিয়াপুর, বাগোয়ান, মহাজনপুর ও মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর, বুড়িপোতা, আমদহ, আমঝুপিসহ বিভিন্ন গ্রামে বুকলেট বিতরণ করা হয়েছে।

মেহেরপুরে ‘রেডিও পায়রা’ আয়োজিত উপস্থিত বক্তৃতা ও কুইজ প্রতিযোগীতা

মেহেরপুরে শিক্ষার্থীদের মাঝে জেলর ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি ও মুক্তিযুদ্ধের কথা তুলে ধরতে উপস্থিত বক্তৃতা ও কুইজ প্রতিযোগীতার আয়োজন করা হয়।

গতকাল বুধবার সকালে মেহেরপুর সদর উপজেলার শালিকা মাধ্যমিক বিদ্যালয়ে আনিশা গ্রুপের সার্বিক সহযোগীতায় ‘রেডিও পায়রা’ এ অনুষ্ঠানের আয়োজন করে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আব্দুল আওয়ালের সভাপতিত্বে মূল আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু। অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিদ্যালয়

ব্যবস্থাপনা কমিটির সভাপতি মো. আবুল হাসেম, সহকারী শিক্ষক মো. মাসুদ রানা, মো. হাবিবুর রহমান, মাহবুবুল হক, শাহিন আলম, রেডিও পায়রার প্রধান নির্বাহী কর্মকর্তা সাজিদ আহমেদ। উপস্থিত বক্তৃতার শেষে বিজয়ী তিনজন শিক্ষার্থীর মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

উপস্থিত বক্তৃতায় বিভিন্ন শ্রেণীর ৭জন শিক্ষার্থী মেহেরপুরের ইতিহাস, ঐতিহ্য নিয়ে তাদের বক্তব্য প্রদান করে। এতে প্রথম স্থান অর্জন করে দশম শ্রেণীর ফারজানা আক্তার মারিয়া, ২য় স্থান অর্জন করে দশম শ্রেণীর সাব্বির আহমেদ রাব্বি, ৩য় স্থান অর্জন করে ৭ম শ্রেণীর ফাবিহা মুস্তারী মোহনা।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে প্রধান শিক্ষক মো. আব্দুল আওয়াল রেডিও পায়রাকে এমন সুন্দর আয়োজন করার জন্য ধন্যবাদ জানান। আবারো এমন আয়োজন করার জন্য রেডিও পায়রার চেয়ারম্যান এম এ এস ইমনের প্রতি উদ্দাত্ত আহবান জানান এবং তার সার্বিক মঙ্গল কামনা করেন।

মুজিবনগরে গুণগত শিক্ষার উপর সেমিনার অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে গুণগত শিক্ষার উপর সেমিনার -২০২৩ অনুষ্ঠিত হয়েছে। বুধবার দুপুরে গুড নেইবারস বাংলাদেশ মেহেরপুর কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট এর আয়োজনে মুজিবনগর উপজেলা অডিটরিয়ামে এই সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে গুডনেইবারর্স এর প্রজেক্ট ম্যানেজার বিভব দেওয়ান এর সভাপতি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

বিশেষ বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা শিক্ষা অফিসার মাহফুজুল হোসেন। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজের অবসরপ্রাপ্ত অধ্যাপক বাকের আলী, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এ কে এম মামুনুর রশিদ, উপজেলা